

Subject: Sociology

Semester IV Generic Elective/DSC 04
Methods of Sociological Enquiry

Unit: 1 : The Logic of Social Research

সামাজিক গবেষণা পদ্ধতিতে প্রতিফলনশীলতা বা রিফ্লেক্সিভিটির গুরুত্ব লেখ ?
অথবা

সমাজতত্ত্বে প্রতিফলনশীলতা বা রিফ্লেক্সিভিটির প্রয়োজনীয়তা আলোচনা কর ?
অথবা

প্রতিফলনশীলতা বা রিফ্লেক্সিভিটির সম্পর্কে যা জান লেখ ?

সমাজ গবেষণায় ব্যবহৃত 'রিফ্লেক্সিভিডি' প্রত্যয়টিকে একটি শব্দে অনুবাদ করা খুব কঠিন। বাংলা আকাদেমী অভিধান অনুযায়ী 'রিফ্লেক্সিভ' শব্দটি বিশেষ্য অর্থে বলা যায় প্রতিফলনশীল; আত্মবাচক। বিশেষণ অর্থে, কর্তাই কর্তার উপর কাজ করেছে এই ভাবের প্রকাশক।

আলভিন গোল্ডনার (Alvin Gouldner) লিখিত 'দ্য কামিং ক্রাইসিস অব ওয়েস্টার্ন সোসিওলজি' (The Coming Crisis of Western Sociology) গ্রন্থে আমরা 'রিফ্লেক্সিভ সোসিওলজি'-এর ধারণা পাই। মনস্তাত্ত্বিক পরিমণ্ডলের একটি বিশেষ উপাদান 'প্রতিবর্তক' বা 'রিফ্লেক্স'কে কেন্দ্র করে ব্যক্তি— বস্তু সম্পর্কের এ এক বিশেষ উন্মোচন। 'প্রতিবর্তক' বা 'রিফ্লেক্স'-এর মতো মনস্তাত্ত্বিক প্রক্রিয়ার ভিত্তিতে বস্তুজগৎ বিশ্লেষণে কিছুমাত্রায় ব্যক্তিকেন্দ্রিক বা বিষয়ীগত চিন্তাভাবনার ভূমিকা থেকেই যায়।

সমাজ গবেষণায় গবেষণাবস্তু বা গবেষণা ক্ষেত্রের উপর গবেষকের ব্যক্তিত্ব (personality) অথবা উপস্থিতির (presence) প্রভাবকেও বিচার্য বিষয়ের অন্তর্ভুক্ত করা হয়।

সমাজবিজ্ঞানে ক্ষেত্র গবেষণার অন্যতম গুরুত্বপূর্ণ অংশ হলো গবেষক এবং উত্তরদাতাদের পারস্পরিক মিথস্ক্রিয়া বিষয়ে স্বচ্ছ এবং তথ্যসমৃদ্ধ বিশ্লেষণ। গবেষণা ক্ষেত্রে গবেষককে কী কী সমস্যার সম্মুখীন হতে হয়েছিল তার বিবরণ। গবেষক কোন কোন সমস্যার সমাধান করতে পেরেছেন, আবার কোন সমস্যার সমাধান করা সম্ভব হয়নি তারও বিবরণ।

অংশগ্রহণমূলক সমাজ গবেষণায় 'রিফ্লেক্সিভিটির' গুরুত্ব আরও বেশি। বিশেষ করে 'পারটিসিপেটরি অ্যাকসন রিসার্চে' (Participatory Action Research) যেখানে বেশিরভাগ ক্ষেত্রেই গবেষক দল ও লক্ষ্য দলের মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক থাকে। লক্ষ্য দলের (Target group) প্রতিনিধিরা গবেষণা প্রক্রিয়ার বিভিন্ন পর্যায়ে অংশ গ্রহণ করে থাকে। গবেষণার হাতিয়ার হিসেবে গবেষকদের নিজেদের বিষয়ে যথেষ্ট পরিমাণে ওয়াকিবহাল এবং পাশাপাশি সচেতন থাকতে হয়। অংশগ্রহণমূলক সমাজ গবেষণার ক্ষেত্রে এ কথা নির্দিষ্ট বলা যায় যে গবেষকদের স্বভাব, মনোভাব, সামাজিক মর্যাদা প্রভৃতি উন্মোচিত হওয়াই শ্রেয়, অন্ততপক্ষে ততটুকু যতটা গবেষণা লক্ষ্যের দিকে যৌথ প্রয়াসকে প্রভাবিত করতে পারে।

যে কোনো সমাজ গবেষণা প্রকল্পের অংশীদারদের মধ্যে স্বার্থ ও লক্ষ্যের বিভিন্নতা থাকতে পারে যা মাঝে মাঝে গবেষক গোষ্ঠীর মধ্যে দ্বন্দ্বের বাতাবরণ সৃষ্টি করে থাকে। এই ক্ষেত্রে প্রতিফলনশীলতা বা 'রিফ্লেক্সিভিটি' গবেষকদের পারস্পরিক সামাজিক সম্পর্ক বিন্যাসকে বিচার-বিবেচনার মধ্যে নিয়ে আসে। এইভাবে যৌথ গবেষণার আভ্যন্তরীণ সমস্যাগুলিতে আলোকপাত করা সম্ভব হয় এবং সমস্যা বিদ্বিত দিকগুলিকে প্রশমিত করা সম্ভব হয়। গবেষক দল এবং লক্ষ্য দল (Target group) এর পারস্পরিক সামাজিক সম্পর্কে একই ভাবে প্রতিফলনশীলতা বা রিফ্লেক্সিভিটির মাধ্যমে আলোকপাত করা সম্ভব হয়।

আমরা এ প্রসঙ্গে পিয়ের বুর্দৌ'র (Pierre Bourdieu) 'সমাজতাত্ত্বিক আত্ম-প্রতিফলনশীলতার ধারণা (Concept of sociological self-reflection) উল্লেখ